1. Financial Results has been prepared in accordance with The Indian Accounting Standards ("Ind AS") prescribed under section 133 of the Companies Act 2013 read with the relevant rules issued thereunder.
2. The above is an extract of the detailed Financial results for the quarter & year ended 31st March 2022 filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations 2015. The full Financial Results for the quarter & year ended 31st March 2022 are available on the Stock Exchange website www.cse-india.com and on the Companys' website www.sudhaapparels.com.

For Sudha Apparels Limited
Sd/-
Sunil Gautam
Whole Time Director
DIN - 08125576

Place: Gurugram
Date: May 26, 2022

**FORM NO. NCLT. 3A**
**Advertisement detailing petition**
**[see Rule 35]**
BEFORE THE NATIONAL COMPANY LAW TRIBUNAL KOLKATA BENCH
COMPANY PETITION No. 47/KB/2022
Connected with
Company Application No. 42/KB/2021

In the matter of Sections 230 to 232 and other applicable provisions of the Companies Act, 2013;
And
In the matter of Companies (Compromises, Arrangements and Amalgamations) Rules, 2016;
And
In the matter of:
Virat Commotrade Private Limited, a company incorporated under the provisions of Companies Act, 1956 and being a Company within the meaning of the Companies Act, 2013, having its Corporate Identification No. U51109WB2008PTC128251 and having its registered office at 3B, Camac Street, Kolkata – 700016 in the state of West Bengal;.
And
Orbit Towers Private Limited, a company incorporated under the provisions of Companies Act, 1956 and being a Company within the meaning of the Companies Act, 2013, having its Corporate Identification No. U65921WB1985PTC038824 and having its registered office at 3B, Camac Street, Kolkata – 700016 in the state of West Bengal;.
In the matter of:
1. Virat Commotrade Private Limited (the Transferor Company)
2. Orbit Towers Private Limited, (the Transferee Company) ...Petitioners(s)

**NOTICE OF PETITION**

A Petition under Section 230 to 232 of the Companies Act, 2013 read with Companies (Compromises, Arrangements and Amalgamations) Rules, 2016 for sanction of Scheme of Amalgamation of the Transferor Company with the Transferee Company was presented by the abovenamed petitioners on 19.04.2022 and the said petition is fixed for hearing before the Kolkata Bench of the Hon'ble National Company Law Tribunal on the 6th June, 2022.

Any person desirous of supporting or opposing the said petition should send to the National Company Law Tribunal, Kolkata Bench at 5, Esplanade Row (West), Kolkata–700001 and also to the petitioner's authorized representative Arani Guha, Advocate, Security House, Suite No. 115, 1st Floor, 23B, N.S. Road, Kolkata 700001, a notice of his intention, signed by him or his advocate, with his name and address, so as to reach the petitioner's authorized representative not later than two days before the date fixed for the hearing of the petition. Where he seeks to oppose the petition, the grounds of opposition or a copy of his affidavit shall be furnished with such notice. A copy of the petition will be furnished by the undersigned to any person requiring the same on payment of the prescribed charges for the same.

Sd/-
ARJUN SINGH MEHTA
(Director)
DIN: 01123411

Dated: 25.05.2022
Place: Kolkata

আরো খবর



# রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যানের পদ খোয়ালেন নির্মল মাজি, এলেন সুদীপ্ত রায়

প্রশান্ত ভট্টাচার্য

**কলকাতা:** অপসারিত কলকাতা মেডিক্যাল কলেজের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান নির্মল মাজি। বৃহস্পতিবার থেকেই এই পদে আনা হল আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান চিকিৎসক সুদীপ্ত রায়। দায়িত্ব নিয়েই মেডিক্যাল কলেজের স্বাস্থ্য ও সম্মান পুনরুদ্ধারের প্রতিশ্রুতি দিয়েছেন সুদীপ্ত। বৃহস্পতিবার বিকেলে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের তরফে একটি বিজ্ঞপ্তি দেওয়া হয়। সেখানেই জানানো হয়েছে, নির্মল মাজিকে সরিয়ে তাঁর জায়গায় কলকাতা মেডিক্যাল কলেজের রোগী কল্যাণ সমিতির দায়িত্ব দেওয়া হচ্ছে সুদীপ্ত রায়কে। আরজি কর মেডিক্যাল কলেজের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান সুদীপ্ত রায়। এছাড়াও হেলথ ইউনির্ভাসিটির ফিন্যান্স কমিটির চেয়ারম্যানও তিনি।

এতগুলো গুরুত্বপূর্ণ পদে থাকা সুদীপ্ত রায়কে কলকাতা মেডিক্যালের দায়িত্ব দেওয়াতে কানাঘুষো শুরু হয়েছে বিভিন্ন মহলে। একের পর এক বেফাঁস মন্তব্যেই কি পদ হারালেন নির্মল? তা নিয়ে আলোচনা শুরু হয়েছে বিভিন্ন মহলে। দায়িত্ব পাওয়ার পরই সুদীপ্ত রায় বলেন, 'মেডিক্যাল কলেজের স্বাস্থ্য ও সম্মান পুনরুদ্ধারে যা প্রয়োজন সব কাজ করব। চিকিৎসকদের কাছে আমার একটাই আবেদন, নির্ভয়ে কাজ করুন। সরকার সবসময় আপনাদের সঙ্গে আছে। আপনাদের কোনো কাজে হস্তক্ষেপ করা হবে না। আপনারা নিজেদের মতো করে কাজ করবেন। প্রয়োজনে সরাসরি যোগাযোগ করবেন আমার সঙ্গে।'

কখনো চিকিৎসকদের হুমকি, কখনো আবার চিকিৎসক বা রোগীদের উদ্দেশ্য করে বেফাঁস মন্তব্য। শেষ কিছুদিনে বারবার বিতর্কে জড়িয়েছেন নির্মল মাজি। তা নিয়ে উত্তেজনা ছড়িয়েছে হাসপাতালে, চিকিৎসক ও অধ্যাপকদের মধ্যেও। ফলে বিড়ম্বনায় পড়তে হয়েছে রাজ্য সরকারকে। এক অধ্যাপক নির্মল মাজির বিরুদ্ধে একাধিক অভিযোগ তুলে মুখ্যমন্ত্রীকে চিঠিও দিয়েছিলেন। এই অপসারণ একের পর এক বিতর্কের জের বলেই মনে করা হচ্ছে। তবে এ বিষয়ে রাজ্যের তরফে কোনো কারণ জানানো হয়নি।

# ইয়াসিনের সাজা বিক্ষোভ, ধৃত ১০

**শ্রীনগর :** কাশ্মীরি বিচ্ছিন্নতাবাদী নেতা ইয়াসিন মালিকের যাবজ্জীবন কারাদণ্ডের বিরুদ্ধে স্লোগান ও পাথর ছুড়ে প্রতিবাদ জানানোয় ১০ জনকে গ্রেফতার করল পুলিশ। সন্ত্রাসবাদ বিরোধী আইন ইউএপিএ'তে অভিযুক্তদের গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, অন্যান্য অভিযুক্তদেরও শিগগিরই গ্রেফতার করা হবে। অভিযুক্তদের বিরুদ্ধে সংঘর্ষ, দেশ বিরোধী স্লোগান ও সাম্প্রদায়িক স্লোগান দেওয়ার ও ইয়াসিন মালিকের বাড়ির বাইরে গুন্ডামির অভিযোগ রয়েছে। বুধবার মধ্যরাতে তল্লাশি অভিযান চালিয়ে পুলিশ অভিযুক্তদের গ্রেফতার করেছে। বৃহস্পতিবার শ্রীনগরের সিনিয়র পুলিশ সুপার রাকেশ বলওয়াল জানান, ধৃতদের বিরুদ্ধে মাইসুমা থানায় ভারতীয় দণ্ডবিধির ১৩ নম্বর ধারায় ইউএপিএ ধারায় মামলা দায়ের হয়েছে। — পিটিআই

# কেসিআরকেও পরিবারতন্ত্রের খোঁচা দিলেন প্রধানমন্ত্রী

**হায়দরাবাদ :** পরিবারতন্ত্র অস্ত্রে এবার তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও (কেসিআর)'কে বিঁধলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর দাবি, পরিবারতান্ত্রিক দল গণতন্ত্রের ও যুবসমাজের সবচেয়ে বড়ো শত্রু। বৃহস্পতিবার হায়দরাবাদে এক জনসভায় দুর্নীতি ও পরিবারতন্ত্র অস্ত্রে কেসিআরকে তীব্র আক্রমণ করেন তিনি। মোদী তাঁর দলের কর্মীদের উদ্দেশে বলেন, পরিবারবাদী দলগুলি কেবলমাত্র নিজেদের উন্নয়ন নিয়েই ভাবনাচিন্তা করে। গরিব মানুষের প্রতি এই দলগুলির কোনো নজর নেই। এদের রাজনীতি একটি পরিবারকে ক্ষমতায় রাখার দিকেই নজর দেয় ও লুঠ করে। জনগণের উন্নয়নের প্রতি এদের কোনো আগ্রহ দেখা যায় না। তিনি আরো বলেন, পরিবার নির্ভর রাজনীতি শুধু একটি রাজনৈতিক সমস্যাই নয়, এই রাজনীতি হল গণতন্ত্র ও আমাদের দেশের যুবসমাজের সবচেয়ে বড়ো শত্রু। মোদী বলেন, 'আমাদের দেশ দেখেছে যে, একটি পরিবার নির্ভর রাজনৈতিক দল কীভাবে দুর্নীতির মুখ হয়ে উঠেছে।'

কেসিআরের নেতৃত্বাধীন সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনে মোদী বলেন, জনগণ কতটা কষ্টের মধ্যে রয়েছেন তা সারা দেশের মানুষ লক্ষ্য করছেন। তেলেঙ্গানায় বিজেপি কর্মীদের রাজনৈতিক ভাবে টার্গেট করা হচ্ছে বলেও দাবি করেন তিনি। প্রধানমন্ত্রী বলেন, এই পরিবার নির্ভর দলগুলি তোষণের রাজনীতি করতেই ব্যস্ত থাকে ও তাঁদের নিজেদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ভরতি করে। অন্যদিকে, তিনি দাবি করেন যে, তেলেঙ্গানাকে একটি প্রযুক্তি হাবে রূপান্তরিত করতে চায় বিজেপি। এদিন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রীকে কুসংস্কারে বিশ্বাস নিয়েও খোঁচা দেন মোদী। তিনি বলেন, 'কুসংস্কারাচ্ছন্ন মানুষ কখনো রাজ্যের উন্নয়নে কাজ করতে পারে না। আমি বিজ্ঞান ও প্রযুক্তিকে বিশ্বাস করি। আমি অবশ্যই যোগী আদিত্যনাথকে অভিনন্দন জানাই, তিনি সাধু হলেও কুসংস্কারে বিশ্বাসী নন। ফলে কেসিআরের মতো কুসংস্কারাচ্ছন্ন মানুষের থেকে তেলেঙ্গানাকে আমাদের রক্ষা করতে হবে।' প্রসঙ্গত, তেলেঙ্গানার মুখ্যমন্ত্রীর ছেলে কে টি রামা রাও সিরসিল্লার বিধায়ক ও রাজ্যের প্রযুক্তি, পুরপ্রশাসন ও নগর উন্নয়নমন্ত্রী। কেসিআরের মেয়ে কলবাকুন্তলা কবিতা হলেন নিজামাবাদের সাংসদ ও ২০২০ সাল থেকে বিধান পরিষদের একজন সদস্য। কেসিআরের ভাইপো হরিশ রাও সিদ্দিপেতের বিধায়ক ও রাজ্যের অর্থমন্ত্রী। — পিটিআই

# ২৩ জুন ত্রিপুরা-সহ ৫ রাজ্য ও দিল্লিতে উপনির্বাচন, নির্ঘণ্ট প্রকাশ কমিশনের

**সুখবর ব্যুরো, নয়াদিল্লি:** আগামী মাসে ফের বাজতে চলেছে ভোটের বাদ্যি। ত্রিপুরা-সহ ৫টি রাজ্যে ও দিল্লিতে ৩টি লোকসভা আর ৭টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন ২৩ জুন হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। ২৬ জুন ভোট গণনা হবে ওইসব কেন্দ্রে। ত্রিপুরার আগরতলা টাউন, বরদোয়ালি, সুরমা আর যুবরাজনগর বিধানসভা আসনের পাশাপাশি আন্ধ্রা প্রদেশের আত্মাকুর, দিল্লির রাজিন্দর নগর ও ঝাড়খণ্ডের মাদার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন হবে। এছাড়া পঞ্জাবের সাঙ্গরুর, উত্তর প্রদেশের রামপুর ও আজমগড় লোকসভা কেন্দ্রেও ভোটগ্রহণ হবে ওই একইদিনে ২৩ জুন। এদিনই ভাগ্য নির্ধারণ হবে ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহার। কমিশনের নির্দেশিকায় আরো বলা হয়েছে, ৩০ মে নির্বাচনের বিজ্ঞপ্তি জারি হবে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষদিন ৬ জুন। মনোনয়নপত্র স্ক্রুটিনির পর প্রত্যাহারের শেষদিন ৯ মে। যেখানে যেখানে ভোট হবে সেখানে অবিলম্বে নির্বাচনি আদর্শবিধি দ্রুত কার্যকর করতেও সংশ্লিষ্ট জেলার প্রশাসনকে নির্দেশ দিয়েছে কমিশন। কমিশন আরো জানিয়েছে, ২০২২ সালের ১ জানুয়ারি প্রকাশিত ভোটার তালিকা অনুযায়ী ভোটগ্রহণ হবে। উপনির্বাচনে সব ভোটকেন্দ্রে ইভিএম আর ভিভিপ্যাট ব্যবহারেরও সিদ্ধান্ত নিয়েছে কমিশন। করোনার সংক্রমণ কম থাকলেও সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে করোনাবিধি মেনেই হবে ভোট পরিচালনা। শারীরিক দূরত্ববিধি বজায় রাখার পাশাপাশি মাস্ক ও স্যানিটাইজারের ব্যবহারের ওপর জোর দেওয়া হচ্ছে।

# আজ সিবিআইয়ে হাজিরা দিতে হবে শওকত মোল্লাকে

**সুখবর ব্যুরো, কলকাতা :** পার্থ চট্টোপাধ্যায়, পরেশ অধিকারী-অনুব্রত মণ্ডল ও পরেশ পালের পর এবার শওকত মোল্লাকে তলব করল সিবিআই। জানা গেছে, কয়লাপাচারকাণ্ডে ক্যানিং পূর্বের তৃণমূল বিধায়ককে তলব করেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। আজ, শুক্রবার সকাল ১১টা নাগাদ তাঁকে নিজাম প্যালেসে হাজির হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সিবিআই সূত্রে খবর, তৃণমূল বিধায়ককে বিভিন্ন নথিসহ তলব করা হয়েছে। শওকতকে পাসপোর্ট, আধার কার্ড, ভোটার কার্ড, প্যান কার্ডের মতো গুরুত্বপূর্ণ নথি নিয়ে যেতে বলা হয়েছে। সেই সঙ্গে চাওয়া হয়েছে সম্পত্তির হিসেব ও ব্যাঙ্কের স্টেটমেন্টও। পাশাপাশি, বিধায়কের নামে কোনো ব্যবসা থাকলে তার নথিও নিয়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। সিবিআই সূত্রে দাবি, আসানসোল থেকে পাচার করা কয়লা রাজ্যের বিভিন্ন প্রান্ত ছাড়াও রাজ্যের বাইরে ছড়িয়ে পড়ত। অন্য রাজ্যের পাশাপাশি এ রাজ্যের নদিয়া, পুরুলিয়া ও ক্যানিংয়ে পৌঁছে যেত কয়লা। যারা এই দুষ্কর্মের সঙ্গে যুক্ত তাদের জেরা করে শওকত মোল্লার নাম উঠে এসেছে বলে সিবিআইয়ের দাবি। এ বিষয়ে তৃণমূল বিধায়কের বয়ান খতিয়ে দেখার পাশাপাশি তাঁর থেকেও নানা তথ্য জানতে চায় সিবিআই। তবে দক্ষিণ ২৪ পরগনার দাপুটে এই তৃণমূল নেতা নিজাম প্যালেসে হাজিরা দেয় কি না, সেটাই দেখার। শওকতের বিধানসভা কেন্দ্রের মধ্যে রয়েছে জীবনতলা এলাকা। ওই এলাকায় প্রচুর ইটভাটা রয়েছে। সেখানে কয়লা দরকার হয়। সূত্রের খবর, কমদামে পাচার করা কয়লা সেই ইটভাটাগুলোতে যেত কিনা তাও খতিয়ে দেখতে চায় সিবিআই।

# সংশোধনাগারে করণিকের চাকরি সিধুর

**চণ্ডীগড়:** সুপ্রিম কোর্টের ১ বছরের সশ্রম কারাদণ্ডের সাজা ঘোষণার পর আপাতত পাতিয়ালা জেলই নতুন ঘরবাড়ি প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি নভজ্যোৎ সিং সিধুর। পাতিয়ালা কেন্দ্রীয় সংশোধনাগারে দৈনিক ৯০ টাকা দিনমজুরিতে করণিকের কাজ করবেন সিধু। সিধুকে সহকারী বা জেলের ভাষায় 'মুন্সি' নিয়োগ করা হয়েছে।

পাতিয়ালা কেন্দ্রীয় সংশোধনাগারে কয়েদি নম্বর '২৪১৩৮৩' হিসাবে এখন পরিচয় নভজ্যোৎ সিং সিধুর। জেলের মধ্যে ঠিকানা ৭ নম্বর ব্যারাক। জেল কর্তৃপক্ষ জানিয়েছে, নিরাপত্তার কারণে নিজের কুঠুরি থেকেই কাজ করবেন সিধু। তাঁকে বাইরে গিয়ে কাজ করতে হবে না। ফাইলপত্র সিধুর কাছে পাঠিয়ে দেওয়া হবে। মঙ্গলবার থেকেই কাজ শুরু করে দিয়েছেন সিধু। ২ শিফটে সকাল ৯টা থেকে বেলা ১২টা আর বেলা ৩টে থেকে বিকেল ৫টা পর্যন্ত কাজ করবেন সিধু। এই ৩ মাস সিধুকে প্রশিক্ষণ দেওয়া হবে কীভাবে আদালতের দীর্ঘ রায়গুলিকে সংক্ষিপ্ত করতে হবে আর জেলের রেকর্ড রাখতে হবে সঠিকভাবে। জেলে থাকা দোষী সাব্যস্ত আসামীদের দিনে ৮ ঘণ্টা কাজ করতে হয়। মজুরির খরচ বহন করে সরকার। সংশোধনাগারের নিয়ম অনুযায়ী, প্রথম ৩ মাস সিধুকে বিনা পারিশ্রমিকে প্রশিক্ষণ নিতে হবে। তারপর অপ্রশিক্ষিত, আধা-প্রশিক্ষিত আর প্রশিক্ষিত কয়েদি হিসাবে দিনে ৩০ থেকে ৯০ টাকা পর্যন্ত পারিশ্রমিক পেতে পারে কয়েদিরা। কয়েদিদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি টাকা পৌঁছে যায়।

হাই-প্রোফাইল কয়েদি সিধুকে যে ব্যারাকে রাখা হয়েছে তার নিরাপত্তা বাড়ানো হয়েছে। সিধুর ওপর নজর রাখতে ৫ জন ওয়ার্ডেন আর ৪ জেলের কয়েদিকে নির্দেশ দেওয়া হয়েছে। ৩৪ বছরের পুরোনো এক মামলায় সুপ্রিম কোর্ট সিধুকে কারাবাসের আদেশ দিয়েছে। ১৯৮৮ সালের ২৭ ডিসেম্বর রাস্তায় গাড়ি দাঁড় করিয়ে সিধুর বিরুদ্ধে এক ব্যক্তিকে মারধরের অভিযোগ ওঠে। সিধুর মারধরের ফলে মাথায় আঘাত পেয়ে গুরনাম সিং নামে ওই ব্যক্তির মৃত্যু হয়। সিধুর বিরুদ্ধে এক সময় অনিচ্ছাকৃত হত্যা মামলা দায়ের হয়েছিল। পরে অবশ্য তা খারিজ হয়ে যায়। পাতিয়ালা দায়রা আদালত সিধুকে প্রমাণের অভাবে অভিযোগ থেকে মুক্তি দেয়। কিন্তু নিম্ন আদালতের রায়কে চ্যালেঞ্জ করে মৃত গুরনাম সিংয়ের পরিবার পঞ্জাব-হরিয়ানা হাই কোর্টে মামলা করেন। ২০০৬ সালে সিধুকে দোষী সাব্যস্ত করে ৩ বছরের কারাদণ্ডের আদেশ দেয় হাই কোর্ট। হাই কোর্টের সেই রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে মামলা করেছিলেন সিধু। সেই মামলাতেই গত ১৯ মে সুপ্রিম কোর্ট সিধুকে ১ বছরের সশ্রম কারাবাসের আদেশ দিয়েছে। ২০ মে পাতিয়ালা আদালতে আত্মসমর্পণ করেন সিধু। সিধুর আইনজীবী এইচপিএস ভার্মা জানান, জেলে বিশেষ ডায়েট চেয়েছেন সিধু। কারণ, স্থূলতা ও মেটাবলিক ডিজঅর্ডারের রোগে ভুগছেন সিধু। বিশেষজ্ঞ ডাক্তারদের নিয়ে গড়া মেডিক্যাল বোর্ড সিধুর শারীরিক পরীক্ষা করেছেন পাতিয়ালার রাজীন্দ্র হাসপাতালে। কিন্তু মেডিক্যাল বোর্ডের তৈরি করা ডায়েট চার্ট এখনো পাতিয়ালা কেন্দ্রীয় সংশোধনাগারে পৌঁছোয়নি। সিধু জেল কর্তৃপক্ষকে জানিয়েছেন, তিনি ময়দা, আটা, চিনি, কয়েকটি খাবার খেতে পারেন না। আটায় অ্যালার্জি থাকায় ডাল-রুটি খাবেন না। ফাইবার আর কার্বোহাইড্রেট না থাকায় পেঁপে, পেয়ারা, ডবল-টোনড দুধ, আঙুর খেতে পারবেন। আপাতত স্যালাড আর ফলই খাচ্ছেন সিধু।'

—পিটিআই

# মুখ্যমন্ত্রীকে মালদহের আমসত্ত্ব আর আমগাছের চারা উপহার সায়ন্তিকার

**শ্রীময়ী বসু, কলকাতা:** কন্যাশ্রী, সবুজসাথী প্রকল্পে সাইকেল পেয়ে উপকৃত হয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করার ও ধন্যবাদ জানানোর ইচ্ছাপ্রকাশ করেছিল মালদহের ৮ বছরের স্কুল পড়ুয়া সায়ন্তিকা। মালদহেরই এক স্কুলের দ্বিতীয় শ্রেণির ছাত্রী সে। গত কয়েকদিন ধরেই সংবাদমাধ্যমের দৌলতে সায়ন্তিকার খবর কানে যায় মুখ্যমন্ত্রীরও। মুখ্যমন্ত্রীর উদ্যোগেই বৃহস্পতিবার সকালে এসে কালীঘাটের বাড়িতে গিয়ে দেখা করল ছোট্ট সায়ন্তিকা। সঙ্গে ছিল তার মা-বাবা। মুখ্যমন্ত্রীর হাতে মালদহ থেকে সঙ্গে করে নিয়ে আসা আমসত্ত্ব, আচার তুলে দেয় সায়ন্তিকা। ব্যাগ থেকে এসব উপহার তুলে দেওয়ার পাশাপাশি আমগাছের চারাও উপহার দেয় সায়ন্তিকা। মুখ্যমন্ত্রীও সায়ন্তিকার হাতে পালটা উপহার তুলে দেন। মালদহের জেলার ইংরেজবাজারে মনস্কামনা পল্লীতে বাড়ি সায়ন্তিকার। বাবা প্রদীপ দাস পেশায় গাড়িচালক। মা উমা দাস গৃহবধূ। টানাটানির সংসারে টাকার অভাবেই সায়ন্তিকার ২ দিদির পড়াশোনা বন্ধ হতে বসেছিল। সায়ন্তিকা সাংবাদিকদের জানায়, কন্যাশ্রী, সবুজসাথী প্রকল্পের জন্য তার দিদিদের একজন স্নাতকোত্তর আর আরেকজন স্নাতক স্তরে পড়াশোনা করছে। রাজ্য সরকারের দেওয়া স্কুলের পোশাক, সাইকেল, মিড ডে মিলের জন্যও উপকৃক সায়ন্তিকা নিজেও। সায়ন্তিকা আরো জানায়, মুখ্যমন্ত্রীর রূপশ্রী প্রকল্পের জন্যই এক দিদির বিয়ের খরচও জোগাড় হয়েছে। রাজ্যের বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্পের দৌলতেই তার পরিবার আর্থিকভাবে সচ্ছল হয়েছে বলেও জানায় সায়ন্তিকা। মালদহে গিয়ে মুখ্যমন্ত্রী আমসত্ত্ব খেতে চেয়েছিলেন। তার ও তার ২ দিদির পড়াশোনার জন্য ধন্যবাদও মুখ্যমন্ত্রীর কাছে মালদহের প্রসিদ্ধ আমসত্ত্ব পৌঁছে দেওয়ার জেদ ধরেছিল সায়ন্তিকা। সায়ন্তিকার মা উমা দাস জানান, 'পড়াশোনার ইচ্ছে থাকলেও আমি অর্থের অভাবে বেশি দূর পড়াশোনা করতে পারিনি। বিয়েও তাড়াতাড়ি হয়। রাজ্য সরকারের কন্যাশ্রী প্রকল্প না থাকবে আমার ২ মেয়ের পড়াশোনাই একসময় বন্ধ হতে বসেছিল। ছোটো হলেও ছোটো মেয়ে সায়ন্তিকা ব্যাপারটা বুঝেছে। ও মমতাদিকে খুব ভালোবাসে। ও টিভিতে দেখেছিল মমতাদি মালদহে এসে আমসত্ত্ব খেতে চেয়েছিলেন। তারপরই ও জেদ ধরে মালদহ থেকে সাইকেল চালিয়ে মমতাদিকে আমসত্ত্ব খাইয়ে আসবে। আমরা তাতে বাধা দিতে চাইনি।' সাইকেলে মালদহ থেকে কলকাতায় আসার ইচ্ছে ছিল সায়ন্তিকার। কিন্তু নিরাপত্তা ও মুখ্যমন্ত্রীর সময়ের কারণেই সাইকেলে আসা সম্ভব হয়নি সায়ন্তিকার। মালদহের জেলাশাসক মারফত সায়ন্তিকার বাড়িতে ট্রেনের টিকিট পৌঁছে দেওয়া হয়। মালদহ থেকে ট্রেনে চেপেই কলকাতায় আসে সায়ন্তিকা ও তার বাবা-মা। কলকাতায় তাদের বেদী ভবনে রাখার ব্যবস্থা করে রাজ্য সরকার। বৃহস্পতিবার সকালে সাইকেলে চেপেই মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়িতে পৌঁছোয় সায়ন্তিকা। মোটরবাইকে করে মেয়ের পিছু পিছু কালীঘাটে আসেন সায়ন্তিকার বাবা-মা। বাড়ির উঠোনে সায়ন্তিকার সাইকেল পৌঁছোতেই ঘর থেকে বেরিয়ে আসেন মুখ্যমন্ত্রী। গাল টিপে সায়ন্তিকাকে আদরও করেন তিনি।


**TENDER NOTICE**

NIT No - 04 Date - 24.05.2022. Last date of issue Tender form 23.06.2022. Please contacts Prodhan at office time.

Sd/-
Prodhan
Berugram G.P.
Ketugram-I Block
Purba Bardhaman

**BONGAON MUNICIPALITY**

Development works in different wards within Bongaon Municipality. **NIT No-28/BM/2022-23/PWDDt.26.05.2022** to **NIT No-36/BM/2022-23/PWD Dt.26.05.2022.** 1.Last date and time of receiving application for tender documents.– **03.06.2022 Up to 04-00 PM.** 2.Last date and time of purchasing for tender documents - **10.06.2022 Up to 03-00 PM.** 3.Date, time and place for dropping of tender documents – **14.06.2022 Up to 02-00 PM.** 4.Date, time for Opening of tender document.- **14.06.2022 at 03-00 PM.** All other information will be available in the office of the Bongaon Municipality.

Sd/
Chairman
Bongaon Municipality

**BONGAON MUNICIPALITY**

Development work in different wards, Under Bongaon Municipality. **Tender reference– WBMAD/NIeT/37/2022-2023/B-M/PWD dt.26.05.2022** Group No.-**Tender ID- 2022_MAD_382346_1,2022_MAD_382346_2.** **1.Bid Submission Start date–** 26.05.2022 at 17.30. **2. Prebid meeting date -** 30.05.2022 at 14.00. **3.End date –** 03.06.2022 at 17:30. **4. Bid opening date :-** 06.06.2022 at 11:00 All other information will be available in the office of the Bongaon Municipality.

Sd/
Chairman
Bongaon Municipality

**বিজ্ঞপ্তি**

বারাসাত পৌরসভার অধীন বর্তমান ১ নং ওয়ার্ডের সিতি মৌজায়, জে. এল. নং-১০১, দাগ নং:-৫৬৮,৫৬৯, ৫৫৯/১৩৪২,৫৭০, খতিয়ান নং:-৯৮৪,২১৩৯,২১৩, জমির পরিমান ৩.৬২ বিঘা, গত ২৮/৮/২০১২ তারিখে যারা Auction এ যোগদান করিয়াছিলেন, তাহাদের যে Earnest Money, সেটা ফেরৎ নেওয়ার জন্য এই বিজ্ঞাপন টি প্রকাশনার তারিখ হইতে আগামী ১৫ দিনের মধ্যে নির্দিষ্ট দপ্তরে আবেদন পত্র জমা দিতে হইবে। নির্দিষ্ট সময়ের পর আবেদন পত্র গৃহিত হইবে না।

স্বাঃ
পৌরপ্রধান
বারাসাত পৌরসভা

**স্টেবল ট্রেডিং কোম্পানি লিমিটেড**

রেজিস্টার্ড অফিস : ২/৫, শরৎ বোস রোড, ফ্ল্যাট নং- ৮এ, অষ্টম তল, কলকাতা-৭০০০২০
CIN : L27204WB1979PLC032215, ওয়েবসাইট : www.stabletrading.in, ইমেল : secretarial@stabletrading.in
৩১ মার্চ, ২০২১ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং বছরের নিরীক্ষিত আর্থিক ফলাফল (ইপিএস ব্যতীত লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত বছর | |
|---|---|---|---|---|---|---|
| | | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩১.১২.২০২১ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) |
| ১. | কাজের থেকে মোট আয় | ২১.৫৭ | ৫১.৬৩ | ৩৬.৯৪ | ৫২৬.৫৯ | ৪১৮.৫০ |
| ২. | এই পর্বের প্রকৃত লাভ (কর, ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার আগে) | (২৬.১৮) | ২৩.৪৭ | (৮২.৬৪) | ৩৮৭.৩৫ | ২৪২.০৮ |
| ৩. | করের আগে এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার পরে) | (২৬.১৮) | ২৩.৪৭ | (৮২.৬৪) | ৩৮৭.৩৫ | ২৪২.০৮ |
| ৪. | করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / ক্ষতি (ব্যতিক্রমী দফা ও অতিরিক্ত দফার আগে) | (১৬৪.১৬) | ২৩.৪৭ | (১৪২.৬৪) | ২৪৯.৩৭ | ১৮২.০৮ |
| ৫. | এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় [(এই পর্বের লাভ / (ক্ষতি) (করের পর ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (করের পর) সহ)] | ৫৯৩২.৮৫ | ১৭৩০২.৮৩ | (২২.২১) | ২৪৪৮৪.২৩ | ১২৬০৩.২৫ |
| ৬. | আদায়দত্ত ইক্যুটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য ১০টাকা করে) | ২২২.৩৫ | ২২২.৩৫ | ২২২.৩৫ | ২২২.৩৫ | ২২২.৩৫ |
| ৭. | সংরক্ষণ (পুনর্মূল্যায়ণ সংরক্ষণ ব্যতীত) | - | - | - | ৬২৩৬৩.৪৫ | ৩৭৮৪৬.২৩ |
| ৮. | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা করে) — প্রকৃত লাভের ওপর (বার্ষিকভাবে নয়) মূল ও লঘুকৃত | (৭.৩৮) | ১.০৬ | (৬.৪২) | ১১.২২ | ৮.১৯ |

দ্রষ্টব্য :
১) কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর ১৩৩নং ধারা সহ সংশ্লিষ্ট অন্যান্য ধারা অনুযায়ী কোম্পানীর আর্থিক ফলাফলটি দ্য ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্স ("আইএনডি এএস") -এর সঙ্গে সামঞ্জস্য রেখে তৈরি করা হয়েছে।
২) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি, কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিকের / বার্ষিক আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক / বার্ষিক আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে : www.cse-india.com ও কোম্পানীর ওয়েবসাইটে (www.stabletrading.in)।

স্থান : গুরুগ্রাম
তারিখ : ২৬.০৫.২০২২

স্টেবল ট্রেডিং কোম্পানী লিমিটেড-এর পক্ষে
শঙ্কর ঝা
হোল-টাইম ডিরেক্টর
DIN : 05248581

**সুধা অ্যাপারেলস লিমিটেড**

রেজিস্টার্ড অফিস : ২/৫, শরৎ বোস রোড, ফ্ল্যাট নং- ৮এ, অষ্টম তল, কলকাতা-৭০০০২০
CIN : L17299WB1981PLC033331 ওয়েবসাইট : www.sudhaapparels.com, ইমেল : secretarial@sudhaapparels.com
৩১ মার্চ, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের / বছরের নিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়, ইপিএস বাদে)

| বিবরণ | একমেবাদ্বিতীয়ম | | | | | একত্রিত | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্ত বছর | | সমাপ্ত ত্রৈমাসিক | | | সমাপ্তবছর | |
| | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩১.১২.২০২১ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩১.১২.২০২১ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২২ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০২১ (নিরীক্ষিত) |
| ১. কাজের থেকে মোট আয় | ৩৫১২.৭১ | ৭০৬৭.২৭ | ১৬১৮.৩০ | ১২৬২১.৫৩ | ৪৭৭৯.১০ | ৩৫১২.৭১ | ৭০৬৭.২৭ | ১৬১৮.৩০ | ১২৬২১.৫৩ | ৪৭৭৯.১০ |
| ২. এই পর্ব থেকে প্রকৃত লাভ (করের, ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার আগে) | (৭৫.৫২) | ৪৯২.৫৫ | ২২৬.৭৪ | ১২৭৩.৫১ | ১৮০৩.২১ | (৭৫.৫২) | ৪৯২.৫৫ | ২২৬.৭৪ | ১২৭৩.৫১ | ১৮০৩.২২ |
| ৩. করের আগে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | (৭৫.৫২) | ৪৯২.৫৫ | ২২৬.৭৪ | ১২৭৩.৫১ | ১৮০৩.২১ | (৭৫.৫৫) | ৪৯২.৫৫ | ২২৬.৬৭ | ১২৭৩.৪৮ | ১৮০৩.১৫ |
| ৪. করের পর এই পর্ব থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং / অথবা অতিরিক্ত দফার পর) | ১১৭.৭০ | ৪৯২.৫৫ | (১৯০.২৬) | ১৪৬৬.৭৩ | ১৩৮৬.২১ | ১১৭.৬৭ | ৪৯২.৫৫ | (১৯০.৩৩) | ১৪৬৬.৭০ | ১৩৮৬.১৫ |
| ৫. এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় (এই পর্বের লাভ / (ক্ষতি) (করের পর ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (করের পর) সহ) | ৩৫১৮.৭২ | ২৬২৩.৫০ | ৯৫১.৫৩ | ৯৩৬৮.৬৫ | ৩৭৩০.৪৭ | ৩৫১৮.৬৯ | ২৬২৩.৫০ | ৯৫১.৪৬ | ৯৩৬৮.৬২ | ৩৭৩০.৪১ |
| ৬. আদায়প্রদত্ত ইক্যুটি শেয়ার মূলধন (প্রতিটির প্রারম্ভিক মূল্য ১০ টাকা করে) | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ | ৭৮.৯৮ |
| ৭. প্রকৃত লাভের ওপর শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ১০টাকা করে) (বার্ষিকভাবে নয়) মূল ও লঘুকৃত | ১৪.৯০ | ৬২.৩৬ | (২৪.০৯) | ১৮৫.৭১ | ১৭৫.৫১ | ১৪.৯০ | ৬২.৩৬ | (২৪.১০) | ১৮৫.৭১ | ১৭৫.৫১ |

দ্রষ্টব্য :
১. কোম্পানীজ অ্যাক্ট ২০১৩-এর সেকশন ১৩৩-এর অধীন দ্য ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ডস (আইএনডি-এএস) অনুযায়ী ও অন্যান্য সংশ্লিষ্ট ধারার নিয়মানুযায়ী আর্থিক ফলাফলটি প্রস্তুত করা হয়েছে।
২. সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি, ৩১.০৩.২২ তারিখের হিসাবে কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক ও সারা বছরের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। কোম্পানীর বিস্তারিত ত্রৈমাসিক ও সারা বছরের আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে: www.cse-india.com ও কোম্পানীর ওয়েবসাইটে (www.sudhaapparels.com)।

স্থান : গুরুগ্রাম
তারিখ : ২৬.০৫.২০২২

সুধা অ্যাপারেলস লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
সুনীল গৌতম
হোলটাইম ডিরেক্টর
DIN : 08125576


# শিক্ষায় ভালো কাজের স্বীকৃতি, দেশের মধ্যে সেরা বাংলা

**সুখবর ব্যুরো, কলকাতা:** রাজ্যের সাফল্যের মুকুটে নয়া পালক। শিক্ষাক্ষেত্রে ভালো কাজের স্বীকৃতি স্বরূপ দেশের সেরা রাজ্য হয়ে ফের একবার 'স্কচ অ্যাওয়ার্ড' পাচ্ছে বাংলা। দেশের প্রায় সব রাজ্যই এই স্কচ অ্যাওয়ার্ডে অংশ নিয়েছিল। 'স্কচ স্টেট অফ গভর্ন্যান্স রিপোর্ট ২০২১' ক্যাটাগরিতে বাংলা এবার শীর্ষস্থান দখল করেছে। ফিল্ড রিপোর্ট, বুনিয়াদি শিক্ষা আর রাজ্যের সামগ্রিক শিক্ষা পরিস্থিতি সংক্রান্ত যে রিপোর্ট এসেছে তা খতিয়ে দেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ১৮ জুন নয়াদিল্লিতে রাজ্য সরকারের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে। ২০২১ সালের কাজের ওপর ভিত্তি করেই এই সম্মান দেওয়া হচ্ছে। বৃহস্পতিবারই এই পুরস্কারের কথা জানানো হয়েছে রাজ্য সরকারকে।

# ফের ধনখড়কে তোপ বিমানের

১ পাতার পর

হওয়া উচিত ছিল।' স্পিকার আরো বলেন, 'এক্ষেত্রে রাজ্যপালের কাছে বিল পাঠানো হলেও তিনি বিধানসভাকে তা জানাননি। উনি বার বার বিধানসভায় আসেন। উনি এসে বলেন, কোনো বিল বাকি নেই। যদিও হাওড়ার বিল এখনো আটকে। এর ফলে ব্যাহত হচ্ছে নাগরিক পরিষেবা।' ভারতীয় যুক্তরাষ্ট্রে রাজ্যপালের সঙ্গে স্পিকারের বিবাদ কোনো নতুন ঘটনা নয়। আমাদের রাজ্যে তার দীর্ঘ ইতিহাস আছে। জাতীয় স্পিকারদের সম্মেলনে রাজ্যপাল জগদীপ ধনখড়ের বিরুদ্ধে সরব হয়েছিলেন বিমান বন্দ্যোপাধ্যায়। বিধানসভার কাজে হস্তক্ষেপ করার পাশাপাশি, বিভিন্ন বিল আটকে রাখার মতো অভিযোগও করেছিলেন তিনি। পালটা বিধানসভায় এসে স্পিকারের কাজ করার ধরন নিয়েই প্রশ্ন তুলে দিয়েছিলেন রাজ্যপাল। সম্প্রতি আবার বিধায়কদের শপথগ্রহণ করানোর ক্ষমতাও প্রত্যাহার করে নিয়েছেন তিনি। তাতে পরস্পরের মধ্যে তিক্ততা বেড়েছে বই কমেনি। বিশেষ করে বাবুল সুপ্রিয়র শপথ নিয়ে বিধানভবন বনাম রাজভবন বিরোধ তীব্র হয়। আর বৃহস্পতিবার ফের একবার হাওড়া পুরসভার সংশোধনী বিল সই না করে সেখানকার পুর নির্বাচন আটকে রাখা নিয়ে অভিযোগ করলেন রাজ্যপালের বিরুদ্ধে।

**সম্প্রতি হাওড়ায় প্রজ্ঞা ফাউন্ডেশন ও চারণ দিশা আয়োজিত কেরিয়ার কাউন্সেলিং কর্মসূচির অনুষ্ঠানে ভাষণ দিচ্ছেন প্রধান অতিথি প্রজ্ঞা ফাউন্ডেশনের প্রেসিডেন্ট সুরেশকুমার আগরওয়াল। এই কর্মসূচিতে বাঁকড়া, পিলখানা, টিকিয়াপাড়া, শিবপুর, কাজিপাড়া ও বকুলতলা থেকে প্রায় ১০০ পড়ুয়া অংশ নেন। প্রত্যেককে অনুষ্ঠানের শেষে শংসাপত্র দেওয়া হয়েছে।**

# আরএলডি নেতা জয়ন্ত সপার প্রার্থী

**লখনউ :** জল্পনা ছিল, রাজ্যসভা ভোটে সমাজবাদী পার্টি (সপা)'র তৃতীয় প্রার্থী হবেন অখিলেশের স্ত্রী ডিম্পল যাদব। কিন্তু বৃহস্পতিবার সকালে এসপির ট্যুইটার হ্যান্ডেলে জানিয়ে দেওয়া হয় যে, রাজ্যসভায় তারা জয়ন্ত চৌধুরীকেই পাঠাবেন। ফলে কংগ্রেস ছেড়ে আসা কপিল সিব্বলের পর এ বার রাষ্ট্রীয় লোকদল (আরএলডি) সভাপতি জয়ন্ত চৌধুরীকে রাজ্যসভা ভোটের প্রার্থী মনোনীত করল অখিলেশের দল। — পিটিআই